

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নম্বরঃ ১৫৮৫

৪৪/ সাহাবাগণের মর্যাদা (كتاب فضائل الصحابة)

পরিচ্ছেদঃ ৪৪/১৩. উম্মুল মু'মিনীন 'আয়িশাহ (রাঃ)-এর মর্যাদা।

في فضل عائشة رضي الله تعالى عنها

আরবী

حديث عائشة، قالت: كنت أسمع أنه لا يموت نبي حتى يخير بين الدنيا والآخرة فسمعت النبي صلى الله عليه وسلم يقول في مرضه الذي مات فيه، وأخذته بحمة، يقول: (مع الذين أنعم الله عليهم) الآية فظننت أنه خير

বাংলা

১৫৮৫. আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি এ কথা শুনেছিলাম যে, কোন নবী মারা যান না যতক্ষণ না তাকে বলা হয় দুনিয়া বা আখিরাতের একটি বেছে নিতে। যে রোগে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইত্তিকাল করেন সে রোগে আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে যন্ত্রণায় কাতর অবস্থায় বলতে শুনেছি। তাঁদের সঙ্গে যাদের প্রতি আল্লাহ তা'আলা নি'আমত প্রদান করেছেন। (তাঁরা হলেন নবীগণ, সিদ্দীকগণ এবং শহীদগণ) (সূরাহ আন-নিসা ৪/৬৯)। তখন আমি ধারণা করলাম যে, তাঁকেও একটি বেছে নিতে বলা হয়েছে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৪ : মাগায়ী, অধ্যায় ৮৪, হাঃ ৪৪৩৫; মুসলিম, পর্ব ৪৪ সাহাবাগণের মর্যাদা, অধ্যায়, ১৩, হাঃ ২৪৪৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আয়িশাহ বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84813>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন